দৈনিক সংবাদ

তারিখ ... 03 APR 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ... ৫ ...

৩১

ঢাকা বিশ্ববিদ্যালয়

# উপাচার্যের পদত্যাগ দাবিতে ছাত্রলীগের প্রতীক অনশন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদের পদত্যাগের দাবিতে গতকাল শনিবার ছাত্রলীগের (ম-ই) নেতাকর্মীরা সকাল ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত উপাচার্যের কার্যালয়ের সামনে প্রতীক অনশন করেছেন।

প্রতীক অনশন চলাকালে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন ছাত্রলীগের সভাপতি মঈনুদ্দিন হাসান চৌধুরী, সাধারণ সম্পাদক ইকবালুর রহিম, ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি খিজির হায়াৎ মোঃ লিজু ও সাধারণ সম্পাদক পংকজ দেবনাথ।

সমাবেশে মঈনুদ্দিন হাসান চৌধুরী বলেন, আমরা একজন দলনিরপেক্ষ উপাচার্যের তত্ত্বাবধানে ডাকসু নির্বাচন চাই। তিনি বলেন, সুপারিশবাজি, টেন্ডারবাজি ও

ঢাঃ বিশ্ববিদ্যালয় ঃ পৃঃ ৬ কঃ ৬

ঢাঃ বিশ্ববিদ্যালয় ঃ প্রতীক অনশন

(১ম পৃষ্ঠার পর)

চাঁদাবাজির বর্তমান ডাকসু অবিলম্বে ভেঙে দিতে হবে।

সংগঠনের একজন কর্মীকে অস্ত্র প্রদর্শনের প্রতিবাদে পরে ছাত্রলীগ (ম-ই) টিএসসিতে আরেকটি সমাবেশ করে। সমাবেশে বক্তৃতা করেন খিজির হায়াৎ মোঃ লিজু ও পংকজ দেবনাথ। সমাবেশে বক্তারা অভিযোগ করে বলেন, ছাত্রলীগ-কর্মী আজিজুল হক সাজুকে (লাইব্রেরী সাইন্সের শেষ বর্ষের ছাত্র) ছাত্রদলের মস্তানরা অস্ত্র উঁচিয়ে ভয় দেখিয়েছে।